



বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৩-০২-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

সাউথ এশিয়ান ফুটবল ফেডারেশন কর্তৃক আয়োজিত 'সাফ অ-১৫ চ্যাম্পিয়নশীপ ২০২১' ও 'সাফ অ-১৬ চ্যাম্পিয়নশীপ ২০২২' সহ এশিয়ান ফুটবল কনফেডারেশন কর্তৃক আয়োজিত 'এএফসি অ-১৭ চ্যাম্পিয়নশীপ ২০২৩', কোয়ালিফায়ার্স এর খেলা ২০২২ সালে অনুষ্ঠিত হবে। উক্ত চ্যাম্পিয়নশীপ ও কোয়ালিফায়ার্সে যথাক্রমে বাংলাদেশ অ-১৫, অ-১৬ ও অ-১৭ জাতীয় ফুটবল দল (জন্ম: ০১-০১-২০০৬ হতে তদুর্ধ্ব) অংশগ্রহণ করবে।

এই লক্ষ্যে গত ৩০ জানুয়ারী হতে ১৫ ফেব্রুয়ারী ২০২১ তারিখ পর্যন্ত জেলায় পর্যায় এবং ১৯ ফেব্রুয়ারী ২০২১ তারিখ হতে বিভাগীয় পর্যায়ে খেলোয়াড় বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হয়। চূড়ান্ত পর্বের বাছাই কার্যক্রম অদ্য ২৩ ফেব্রুয়ারী ২০২১ তারিখ পর্যন্ত ঢাকায় কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে সকাল ৯:০০ ঘটিকা হতে অনুষ্ঠিত হয়। উক্ত বাছাই কার্যক্রমে অংশগ্রহণ করে চট্টগ্রাম, বরিশাল ও রংপুর বিভাগের বাছাইকৃত ৭৩ জন তরুন উদীয়মান ফুটবল খেলোয়াড়।

উক্ত চূড়ান্ত পর্বের বাছাই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ ফুটবল ফেডারেশন ও সাউথ এশিয়ান ফুটবল ফেডারেশন (সাফ) এর সম্মানিত সভাপতি কাজী মোঃ সালাহ উদ্দীন, বাফুফে সহ-সভাপতি ও ডেভেলপমেন্ট কমিটির চেয়ারম্যান জনাব মোঃ আতাউর রহমান ভুইয়া (মানিক), ফিফা কাউন্সিল মেম্বর, বাফুফে ও এএফসি সদস্য এবং বাফুফে মহিলা ফুটবল কমিটির চেয়ারপার্সন মাহফুজা আক্তার (কিরণ), বাফুফে সদস্য জনাব মহিদুর রহমান মিরাজ, বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ ও বাফুফের Technical Director Mr. Paul Thomas Smalley, বাংলাদেশ জাতীয় ফুটবল দলের প্রধান প্রশিক্ষক Mr. James Day এবং বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সহকারী প্রশিক্ষক Mr. Stuart Paul Wattkiss, বাফুফে ডেভেলপমেন্ট কমিটির সদস্য জনাব মোঃ মহসিন, খন্দকার রকিবুল ইসলাম, জনাব গোলাম গাউস, জনাব মোঃ শহীদ হোসেন স্বপনসহ বাফুফে ডেভেলপমেন্ট কমিটির সদস্যবৃন্দ।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।